CHILD DEVELOPMENT CENTRE
明德兒童啓育中心

অভিভাকদের জন্য তথ্যের বুকলেট
2026 / 2027 শিক্ষাবর্ষ

অনুগ্রহ করে parent ফোল্ডারে থাকা সমস্ত তথ্য পড়ুন।
আমরা ধরে নেব যে আপনি এই তথ্য পড়েছেন এবং সেই কারণে আমাদের নীতিমালা ও কার্যপ্রণালী সম্পর্কে অবগত আছেন।
এই তথ্য অনলাইনে আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়।

www.cdchk.org

Igniting Learning Journeys
啓育學習旅程

Unit 7, 4/F, Victoria Centre, 15 Watson Road, Fortress Hill, Hong Kong | 香港炮台山屈臣道15號維多利中心4樓7室 | T 2849 6138 | www.cdchk.org |
3/F, North Point Welfare Facilities Block, 123 Java Road (Harbour North Phase 2), North Point, Hong Kong | 香港北角渣華道123號(北角匯二期)北角福利服務設施大樓3樓 | T 2849 2018
The Child Development Centre - Registered Charity in Hong Kong (IRD No. 91/1579); company limited by guarantee | 明德兒童啓育中心 - 香港註冊的慈善機構 (IRD No. 91/1579); 擔保有限公司



The Child Development Centre (CDC) – Fortress Hill

Unit 7, 4/F, Victoria Centre, 15 Watson Road, Fortress Hill, Hong Kong
(টেলিফোন: 2849 6138; ইমেইল: info@cdchk.org)

MTR-এ করে আসতে হলে MTR Fortress Hill Station-এর A/B প্রবেশদ্বার দিয়ে বেরিয়ে Oil Street-এর দিকে এগিয়ে যান এবং Electric Road-এ বামে মোড় নিন। Watson Road-এ ডান দিকে মোড় না নেওয়া পর্যন্ত সোজা হাঁটতে থাকুন। Victoria Centre-এ পৌঁছে লিফটে করে 407 নম্বর রুমে যান।

বাসে করে আপনি নিম্নলিখিত রুটগুলো ব্যবহার করতে পারেন: 2, 2A, 8H, 8X, 10, 18, 18P, 19P, 23, 25, 63, 65, 81. 102, 106, 112, 116, 307P, 601, 603A, 619P, 619X, 678, 679, 680, 680B, 680P, 690.

পার্কিং: Victoria Centre-এর 2য় ও 3য় তলায় একটি পেইড গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা আছে, যার প্রবেশদ্বার Watson Road সংলগ্ন।



The Child Development Centre (CDC) – North Point
(প্রারম্ভিক শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র – সমাজকল্যাণ বিভাগের অধীনস্ত)

3/F, North Point Welfare Facilities Block, 123 Java Road (Harbour North Phase II), North Point, Hong Kong
(টেলিফোন: 2849 2018; ইমেইল: info@cdchk.org)

MTR-এ করে North Point Station-এ নামুন:
(a) প্রবেশদ্বার A1 দিয়ে বেরিয়ে North Point Ferry Pier-এর দিকে প্রায় 1 মিনিট হাঁটুন। (*অনুগ্রহ করে মনে রাখবেন যে, প্রবেশদ্বার A1-এ গ্রাউন্ডে উঠার জন্য কয়েকটি সিঁড়ি রয়েছে) অথবা
(b) কনকোর্সের লিফট দিয়ে নিচে নামুন এবং North Point Ferry Pier-এর দিকে Shu Kuk Street ধরে 3 মিনিট হাঁটুন।

বাসে করে আপনি নিম্নলিখিত রুটগুলো ব্যবহার করতে পারেন: 10, 23, 27, 38, 41A, 42, 82, A11.

পার্কিং: Harbour North Phase 3-তে একটি গাড়ি পার্কিংয়ের জায়গা আছে, যার প্রবেশদ্বার Tin Chiu Street-এ অবস্থিত।

বিষয়বস্তু

2026 / 2027 ক্যালেন্ডার ..... 4 – 5

প্রতিকূল আবহাওয়া নীতি 6

অভিভাবক এবং কেয়ারগিভারদের জন্য তথ্য ..... 7 - 10

ফি প্রদানের শর্তাবলী ..... 11 - 14

কমিউনিটি এবং অভিভাবক সংস্থান 15

ইতিহাস ও দর্শন ..... 16 - 17

CDC পরিষেবার গুণগত মানদণ্ড 18

2026 / 2027 কেন্দ্র ক্যালেন্ডার

Month	Sun	Mon	Tue	Wed	Thu	Fri	Sat	Centre Holidays Public Holiday Staff only – no programmes CDC Event
Aug 2026							1	▪ 3 - 14/8: Summer Break ▪ 15/8: Parent Orientation/ Open House ▪ 17/8: First day of programmes (Group + individual)
	2	3	4	5	6	7	8	
	9	10	11	12	13	14	15	
	16	17	18	19	20	21	22	
	23	24	25	26	27	28	29	
	30	31						
Sep 2026			1	2	3	4	5	▪ 19/9: Wellness Day ▪ 26/9: The day Following Mid-Autumn Festival ▪ 29/9 - 2/10: Mid-Term Break
	6	7	8	9	10	11	12	
	13	14	15	16	17	18	19	
	20	21	22	23	24	25	26	
	27	28	29	30				
Oct 2026					1	2	3	▪ 29/9 - 2/10: Mid-Term Break ▪ 1/10: National Day ▪ 19/10: The day following Chung Yeung Festival
	4	5	6	7	8	9	10	
	11	12	13	14	15	16	17	
	18	19	20	21	22	23	24	
	25	26	27	28	29	30	31	
Nov 2026	1	2	3	4	5	6	7	▪ 10/11: Team Building Day
	8	9	10	11	12	13	14	
	15	16	17	18	19	20	21	
	22	23	24	25	26	27	28	
	29	30						
Dec 2026			1	2	3	4	5	▪ 15/12: Family Winter Celebration @ CDC (pm) ▪ 24/12 - 2/1: Winter Holidays ▪ 25 - 26/12: Christmas Day/ Boxing Day
	6	7	8	9	10	11	12	
	13	14	15	16	17	18	19	
	20	21	22	23	24	25	26	
	27	28	29	30	31			
Jan 2027						1	2	▪ 1/1: New Year's Day ▪ 24/12 - 2/1: Winter Holidays
	3	4	5	6	7	8	9	
	10	11	12	13	14	15	16	
	17	18	19	20	21	22	23	
	24	25	26	27	28	29	30	
	31							

Month	Sun	Mon	Tue	Wed	Thu	Fri	Sat	Centre Holidays Public Holiday Staff only – no programmes CDC Event
Feb 2027		1	2	3	4	5	6	▪ 5 - 10/2: Centre Lunar New Year Holidays ▪ 6 - 9/2: Lunar New Year
	7	8	9	10	11	12	13	
	14	15	16	17	18	19	20	
	21	22	23	24	25	26	27	
	28							
Mar 2027		1	2	3	4	5	6	▪ 26 - 31/3: Easter break ▪ 26/3: Good Friday ▪ 27/3: The Day Following Good Friday ▪ 29/3: Easter Monday
	7	8	9	10	11	12	13	
	14	15	16	17	18	19	20	
	21	22	23	24	25	26	27	
	28	29	30	31				
Apr 2027					1	2	3	▪ 5/4: Ching Ming Festival
	4	5	6	7	8	9	10	
	11	12	13	14	15	16	17	
	18	19	20	21	22	23	24	
	25	26	27	28	29	30		
May 2027							1	▪ 1/5: Labour Day ▪ 13/5: Buddha's Birthday
	2	3	4	5	6	7	8	
	9	10	11	12	13	14	15	
	16	17	18	19	20	21	22	
	23	24	25	26	27	28	29	
	30	31						
Jun 2027			1	2	3	4	5	▪ 8/6: CPD Day (pm) ▪ 9/6: Dragon Boat (Tuen Ng) Festival
	6	7	8	9	10	11	12	
	13	14	15	16	17	18	19	
	20	21	22	23	24	25	26	
	27	28	29	30				
Jul 2027					1	2	3	▪ 1/7: HKSAR Establishment Day
	4	5	6	7	8	9	10	
	11	12	13	14	15	16	17	
	18	19	20	21	22	23	24	
	25	26	27	28	29	30	31	
Aug 2027	1	2	3	4	5	6	7	▪ 2 - 13/8: Summer break ▪ 14/8: Parent Orientation/ Open House ▪ 14/8: First day of programmes (Group + individual) ▪ 16/8: First day of programmes (Group + individual)
	8	9	10	11	12	13	14	
	15	16	17	18	19	20	21	
	22	23	24	25	26	27	28	
	29	30	31					

4 জুলাই 2026 তারিখে আপডেট করা হয়েছে

প্রতিকূল আবহাওয়ার নীতি

অভিভাবকদের আবহাওয়ার সংকেতের জন্য Hong Kong Observatory দেখার এবং গণমাধ্যমে প্রকাশিত SWD-এর ঘোষণাগুলো অনুসরণ করার পরামর্শ দেওয়া হচ্ছে। শুধু সেইসব SWD ঘোষণাই দুটি CDC কেন্দ্রের জন্য প্রযোজ্য, যেগুলিতে স্পষ্টভাবে “Day Rehabilitation Services for Preschoolers” বা “Early Education Training Centre (EETC)”-এর উল্লেখ রয়েছে। আবহাওয়ার সংকেতের জন্য নিচের তথ্য দেখুন।

আবহাওয়ার সংকেত	ঘোষণার সময়	সকালের সেশন সকাল 8:45 – দুপুর 12:30	বিকালের সেশন 1:00pm - 6:15pm
অ্যাম্বার বৃষ্টি	যেকোনো সময়	✓	✓
লাল বৃষ্টি	সকাল 6:30 টায় বা তার পরে	✓*	প্রযোজ্য নয়
	সকাল11:30 টায় বা তার পরে	✓*	✓*
কালো বৃষ্টি	সকাল 6:30 টায় বা তার পরে	✗	প্রযোজ্য নয়
	সকাল11:30 টায় বা তার পরে	✗	✗
টাইফুন নং. 1	যেকোনো সময়	✓	✓
টাইফুন নং. 3	সকাল 6:30 টায় বা তার পরে	✓*	প্রযোজ্য নয়
	সকাল11:30 টায় বা তার পরে	✓*	✓*
টাইফুন নং. 8 বা তার উপরে	সকাল 6:30 টায় বা তার পরে	✗	প্রযোজ্য নয়
	সকাল11:30 টায় বা তার পরে	✗	✗

* আমাদের কেন্দ্রগুলো খোলা থাকবে, নির্ধারিত সেশনে [দলগত, ব্যক্তিগত, মূল্যায়ন] উপস্থিতি অভিভাবকদের বিবেচনার উপর নির্ভরশীল।

- যদি সেশন শুরু হওয়ার পর সংকেত দেওয়া হয় তবে পরিস্থিতি নিরাপদ হলে অভিভাবকদের উচিত তাদের সন্তানদের নিয়ে যাওয়া।

অভিভাবক এবং কেয়ারগিভারদের জন্য তথ্য

CDC কেন্দ্রে আগত বিভিন্ন বয়সের শিশুদের চাহিদা মেটাতে নানা ধরনের পরিষেবা প্রদান করে। আমাদের প্রোগ্রামগুলোর মধ্যে কিছু নির্দিষ্ট প্রত্যাশা তৈরি করা হয়েছে যা আমাদের লক্ষ্যগুলোর বিষয়ে উন্নততর যোগাযোগ ও বোঝাপড়াকে সহজতর করে।

আপনি যদি আপনার সন্তানকে CDC-তে না নিয়ে আসেন তবে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার সন্তানের সাথে থাকা দায়িত্বপ্রাপ্ত কেয়ারগিভারকে নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে অবহিত করা হয়েছে।

সরকারি নির্দেশনায় শিশুর সঙ্গে থাকা (শুধু ফোর্ট্রেস হিলের স্ব-অর্থায়িত কেন্দ্রের জন্য)
শিশুর ইন্টারভেনশন/থেরাপি সেশন চলাকালীন অভিভাবক/কেয়ারগিভারদের উপস্থিত থাকার বিষয়ে CDC তার নীতি কার্যকর করতে আগ্রহী। এর মাধ্যমে আমরা যাদের সেবা দিই সেই পরিবারগুলোর সাথে ঘনিষ্ঠ সহযোগিতা বৃদ্ধি পাবে এবং শ্রেণিকক্ষের শিক্ষাকে বাড়িতেও প্রসারিত করার সুযোগ তৈরি হবে। এছাড়াও, এই পদ্ধতি আমাদের সরকারের নির্দেশনার সাথে সংহতি আরও জোরদার করবে। আমরা অভিভাবক/কেয়ারগিভারদের উৎসাহিত করতে চাই যেন তারা শুধু পর্যবেক্ষণই না করেন, বরং প্রয়োজন অনুযায়ী তাদের সন্তানের সেশনে অংশগ্রহণও করেন।

মূল্যায়ন এবং প্রতিবেদন
আর্লি ইন্টারভেনশন গ্রুপ (যেকোনো কেন্দ্রে), TSP গ্রুপ, বা কোর গ্রুপ—অর্থাৎ টাইগার্স, জিরাফস, ক্যাঙ্গারুস বা টেডি বেয়ার্স-এ অংশগ্রহণকারী সকল শিশুকে বছরে দুইবার মূল্যায়ন করা হয়। মূল্যায়নের ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাগুলো অভিভাবকদের জানানো হয় এবং তাঁদের সন্তানের বিকাশ ও ভবিষ্যৎ চাহিদা নিয়ে আলোচনা করার জন্য কর্মীদের সাথে দেখা করতে আমন্ত্রণ জানানো হয়।

যেসব শিশু SWD-এর মাধ্যমে নথিভুক্ত হয় অথবা মূল গ্রুপগুলিতে, যেমন—টাইগারস, জিরাফস, ক্যাঙ্গারুস, টেডি বেয়ার্স-এ অংশগ্রহণ করে তারা আমাদের নিজস্ব মনোবিজ্ঞানী বা থেরাপিস্টদের মাধ্যমে পরিচালিত একটি রোগনির্ণয়মূলক/মনো-শিক্ষামূলক মূল্যায়ন অথবা একটি বিকাশমূলক মূল্যায়নের উপর 5% ছাড় (শুধু একবার) পেতে পারে।

ঠিকানা পরিবর্তন
অনুগ্রহ করে আপনার আবাসিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ইমেইল ঠিকানাসহ সমস্ত নতুন তথ্য অফিসে জানান।

পোশাক
নোংরা লাগতে পারে এমন খেলাধুলার জন্য এবং পোশাক পরার দক্ষতা শিখতে শিশুদের অবশ্যই উপযুক্ত জুতা ও পোশাক পরতে হবে। শিশুদের পোশাক ব্যবহারিক ও ধৌতযোগ্য হতে হবে এবং শৌচকর্ম, পোশাক পরা ও খোলার মতো কাজগুলো সহজে করার সুবিধা থাকতে হবে। সমস্ত পোশাকে শিশুর নাম স্পষ্টভাবে লিখে দিতে হবে।

অভিযোগ
যেকোনো অভিযোগ প্রধান নির্বাহী অথবা CDC-এর কার্যনির্বাহী কমিটির চেয়ারম্যানের কাছে জানাতে হবে, যিনি বিষয়ের প্রকৃতি অনুযায়ী মৌখিকভাবে বা লিখিতভাবে জবাব দেবেন। চেয়ারম্যানকে সম্বোধন করে পাঠানো সকল চিঠিপত্র বিতরণের জন্য অফিসে জমা দেওয়া যেতে পারে। CDC-এর অভিযোগ নীতি ও পদ্ধতি সংক্রান্ত আরও তথ্য অফিস থেকে পাওয়া যাবে। কোনো অভিযোগ উত্থাপিত হলে, পরিষেবা ব্যবহারকারীদের সাথে পক্ষপাতহীনভাবে ন্যায্য আচরণ করা হবে এবং তাদের প্রতি কোনো বৈষম্য করা হবে না।

গোপনীয়তা, ব্যক্তিগত তথ্য সুরক্ষা এবং অপব্যবহার

স্টাফ সদস্যদেরকে দেওয়া যেকোনো তথ্যই ব্যক্তিগত তথ্য (গোপনীয়তা) অধ্যাদেশ দ্বারা সুরক্ষিত থাকে। SWD-এর মাধ্যমে প্রেরিত শিশুদের ক্ষেত্রে, শিশু সম্পর্কিত তথ্য উভয় পক্ষের মধ্যে আদান-প্রদান করা যেতে পারে। CDC হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চল (HKSAR) ব্যক্তিগত তথ্য গোপনীয়তা অধ্যাদেশ মেনে চলে; তাই আপনার পূর্বানুমতি ও অনুমোদন ছাড়া আপনার বা আপনার সন্তানের কোনো SWD এবং CDC-এর বাইরের কোনো পক্ষের কাছে প্রকাশ করা হবে না। CDC সেবাগ্রহীতার গোপনীয়তা ও মর্যাদার অধিকারকে সম্মান করে। স্বাক্ষরিত সম্মতিপত্র ছাড়া CDC-এর বাইরে কোনো ছবি বা ভিডিও প্রকাশ করা হবে না।

CDC সকল শিশু, অভিভাবক, স্বেচ্ছাসেবক, কর্মী এবং দর্শনার্থীদের গোপনীয়তা, তথ্যের সুরক্ষা এবং অপব্যবহার থেকে মুক্তির অধিকারকে সম্মান করে। গোপনীয়তা, ব্যক্তিগত তথ্যের সুরক্ষা বা অপব্যবহারের বিষয়ে কোনো উদ্বেগ থাকলে CDC পরিষেবা গ্রহণকারীদেরকে তা জানানোর জন্য আহ্বান ও উৎসাহিত করে।

বহিরাগত পেশাদারদের জন্য সম্মতিপত্র

শিক্ষক এবং থেরাপিস্টদের প্রায়ই বহিরাগত শিক্ষক ও থেরাপিস্টদের সাথে শিশুদের অগ্রগতি নিয়ে আলোচনা করতে বলা হয়। আপনি যদি চান যে কর্মীরা CDC-এর বাইরে আপনার সন্তানের সাথে কর্মরত পেশাদারদের সাথে কথা বলুক তাহলে গোপনীয়তা বজায় রাখা নিশ্চিত করার জন্য অনুগ্রহ করে সম্মতিপত্রটি সংগ্রহ করে অফিসে জমা দিন। এটি মৌখিক ও লিখিত উভয় প্রকার তথ্যের ক্ষেত্রেই প্রযোজ্য। যেকোনো যোগাযোগের পূর্বে অভিভাবকদের কাছ থেকে লিখিত সম্মতি গ্রহণ করা হবে।
বহিরাগত পক্ষের সাথে যেকোনো লিখিত যোগাযোগের ক্ষেত্রে অভিভাবকরা সরাসরি জড়িত থাকবেন।

ডিজিটাল অডিও/ভিডিও রেকর্ডিং

CDC-তে শিশুদের ছবি তোলা এবং অডিও/ভিডিও রেকর্ডিং করা নিষিদ্ধ। একক সেশনে আপনার সন্তানের কার্যকলাপ রেকর্ড করতে চাইলে থেরাপিস্টের কাছ থেকে মৌখিক অনুমতি নিতে হবে। অভিভাবক প্রশিক্ষণ সেশন বা থেরাপি সেশনের সময় থেরাপিস্টের কোনো রেকর্ডিং করা যাবে না, শুধু শিশুর রেকর্ডিং করতে হবে। যেকোনো রেকর্ডিং অভিভাবকের সরবরাহ করা সরঞ্জামে করা হবে।

প্রশিক্ষণ এবং উন্নয়নের উদ্দেশ্যে কর্মীরা শিশুদের সাথে কিছু CDC সেশন রেকর্ড করতে পারে। শিক্ষাদান ও থেরাপির মানোন্নয়নের উদ্দেশ্যে ভিডিওগুলো শুধু পর্যালোচনা ও মূল্যায়ন উপকরণ হিসেবে ব্যবহৃত হবে। ভিডিওটি বাইরের কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হবে না এবং পর্যবেক্ষণের পর মতামত পেলে তা মুছে ফেলা হবে।

আর্থিক সহায়তা প্রকল্প

CDC আর্থিক সংকটে থাকা পরিবারগুলোর জন্য একটি আর্থিক সহায়তা প্রকল্প পরিচালনা করে। আবেদনকারীকে (শিশুর পিতা-মাতা বা অভিভাবক) আবেদনপত্র সংগ্রহের জন্য অফিসে যোগাযোগ করতে হবে। প্রদান করা তথ্যের নির্ভুলতার জন্য আবেদনকারী দায়ী। ভুল বা অসম্পূর্ণ তথ্য প্রদান করলে আবেদনপত্র বাতিল হয়ে যেতে পারে এবং CDC-তে স্থান পাওয়ার সুযোগ হারাতে হতে পারে। আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য প্রশাসনিক পর্যায়ে কঠোরভাবে গোপন রাখা হবে।
যেসব পরিবার আর্থিক অসুবিধায় রয়েছে তাদের যত দ্রুত সম্ভব CDC-এর সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে, কারণ এক মাসের টিউশন ফি বকেয়া থাকলে CDC পরিষেবা স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

উপহারের নীতি

হংকং দুর্নীতি দমন অধ্যাদেশ অনুসারে CDC-এর নীতিমালায় বলা হয়েছে যে কর্মীরা ব্যক্তিগত উপহার গ্রহণ করতে পারবেন না।

পরিচালনা ও কর্মী কাঠামো

CDC একটি কার্যনির্বাহী কমিটির মাধ্যমে পরিচালিত হয়। বার্ষিক সাধারণ সভায় প্রতি বছর সদস্যরা নির্বাচিত হন। কমিটি হংকং কমিউনিটি প্রতিনিধি এবং CDC-এর অভিভাবকদের নিয়ে গঠিত। CDC-এর কৌশলগত দিকনির্দেশনা তত্ত্বাবধানের জন্য কমিটি বছরে ন্যূনতম ছয়বার বৈঠক করে। প্রধান নির্বাহী কার্যনির্বাহী কমিটির কাছে জবাবদিহি করেন। বর্তমান কার্যনির্বাহী কমিটি ও কর্মীদের বিষয়ে আরও বিস্তারিত জানতে আপনি CDC-এর ওয়েবসাইট www.cdchk.org দেখতে পারেন।

স্বাস্থ্য ও নিরাপত্তা
CDC নিম্নলিখিত নিরাপত্তা পদ্ধতিগুলি তৈরি করেছে এবং সেগুলি নিয়মিত পর্যালোচনা করে: 1) অগ্নিকাণ্ড ও জরুরি নির্গমন পদ্ধতি; 2) টাইফুন ও প্রবল বৃষ্টিপাত সংক্রান্ত পদ্ধতি; 3) অসুস্থতা ও ওষুধপত্র ব্যবস্থাপনা; 4) প্রাঙ্গণ ও সরঞ্জাম পর্যালোচনা পদ্ধতি; এবং 5) গুরুতর ঘটনা ব্যবস্থাপনা। উপরোক্ত কার্যপ্রণালী এবং অন্যান্য স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে অফিসে বিদ্যমান SWD-এর Service Quality Standard 9 (SQS 9) পড়ুন।

শিশুদের ব্যাগে কোনো ওষুধ রাখা উচিত নয়। আপনার শিশু যদি কোনো ওষুধ সেবন করে অথবা তার কোনো অ্যালার্জি বা বিশেষ স্বাস্থ্য সমস্যা থাকে তবে অনুগ্রহ করে শিক্ষক বা থেরাপিস্টকে জানান। যদি আপনার সন্তানের চিকিৎসার প্রয়োজন হয়, যেমন মৃগীরোগ বা হাঁপানির জন্য তাহলে তার সাথে এমন একজন প্রাপ্তবয়স্ককে থাকতে হবে যিনি প্রয়োজনীয় ঔষধ বহন করবেন এবং তা প্রয়োগ করতে সক্ষম। স্টাফরা কোনো ঔষধ (ভেষজ প্রতিকার সহ) প্রয়োগ করবেন না।

ভাষা
যদিও আমরা যথাসম্ভব দ্বিভাষিকতাকে উৎসাহিত করি তবুও আমরা প্রত্যাশা করি যে অভিভাবক বা কেয়ারগিভাররা CDC-তে আপনার সন্তানের নির্দিষ্ট প্রোগ্রামের মধ্যে ব্যবহৃত ভাষাতেই কথা বলবেন।

মোবাইল ফোন
CDC-তে কোনো প্রোগ্রাম চলাকালীন মোবাইল ফোন ব্যবহার করা উচিত নয়।

হস্তক্ষেপ না করার নীতি
গোপনীয়তা রক্ষার কারণে স্টাফরা যদি CDC-এর বাইরে CDC-এর আওতাভুক্ত কোনো পরিবারের সংস্পর্শে আসেন তবে তারা শুধু অভিভাবক বা কেয়ারগিভারের অনুরোধেই সহায়তা করবেন।

অভিভাবক সম্পৃক্ততা
CDC প্রোগ্রামের সকল ক্ষেত্রে সেবাগ্রহীতাদের পিতা-মাতা, কেয়ারগিভার এবং অভিভাবকদের সম্পৃক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ। অভিভাবকরা তাদের সন্তানের অগ্রগতি বা যেকোনো উদ্বেগ নিয়ে আলোচনা করার জন্য যেকোনো সময় ফোন বা ইমেইলের মাধ্যমে একজন স্টাফের সাথে সাক্ষাতের সময় নির্ধারণ করতে পারেন।

ব্যক্তিগত জিনিসপত্র/ব্যক্তিগত সম্পত্তি
CDC পরিষেবা গ্রহণকারীদের CDC-এর ভেতরে ব্যক্তিগত জিনিসপত্র নিয়ে আসতে নিরুৎসাহিত করে। পরিষেবা গ্রহণকারীরা CDC-তে ব্যক্তিগত জিনিসপত্র নিয়ে এলে তা নিজ দায়িত্বে রাখেন। পরিষেবা গ্রহণকারীদের আনা ব্যক্তিগত জিনিসপত্রের জন্য CDC দায়ী নয়।

স্কুল ব্যাগ
আপনার সন্তানের স্কুল ব্যাগে অতিরিক্ত পোশাক এবং অপ্রত্যাশিত দুর্ঘটনার জন্য পরিষ্কার ডায়াপার/আন্ডারওয়্যার থাকা উচিত।

নিরাপত্তা
CDC সম্পত্তি এবং তথ্য রক্ষা করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করে। CDC অনুপ্রবেশকারীদের প্রতিরোধ করতে এবং সকল কর্মচারী, পরিষেবা গ্রহণকারী ও দর্শনার্থীদের সুবিধার জন্য প্রাঙ্গণে নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে শুধু চিত্রভিত্তিক ভিডিও নজরদারি ব্যবহার করে।

অসুস্থতা
আমরা অভিভাবকদের অনুরোধ করছি যে অসুস্থতার কারণে তাদের সন্তান CDC-তে উপস্থিত হতে না পারলে আমাদের জানাবেন। আপনার সন্তান অসুস্থ থাকলে তাকে কেন্দ্রে নিয়ে আসবেন না। যদি আমাদের মনে হয় যে কোনো শিশু এতটাই অসুস্থ যে সে সেশন থেকে উপকৃত হতে পারবে না তাহলে CDC তাকে বাড়ি পাঠিয়ে দেওয়ার অধিকার সংরক্ষণ করে। অভিভাবকদের যত দ্রুত সম্ভব অবহিত করা হবে। গ্রুপ প্রোগ্রামে অনুপস্থিত থাকলে কোনো মেক-আপ সেশন বা অর্থ ফেরত দেওয়া হবে না। পরবর্তীতে ডাক্তারের ছাড়পত্র পাওয়ার পর ব্যক্তিগত থেরাপি সেশনগুলোর জন্য কোনো চার্জ নেওয়া হবে না অথবা সেই সেশনগুলো পুষিয়ে দেওয়া হবে।

জলখাবার/খাদ্যতালিকাগত চাহিদা
আপনার সন্তান যদি টাইগার্স, জিরাফস, ক্যাঙ্গারুস বা টেডি বেয়ার্স প্রোগ্রামে অংশগ্রহণ করে তবে অনুগ্রহ করে তার জন্য একটি আলাদা নাম লেখা পাত্র বা ব্যাগে জলখাবার দিন। **অনুগ্রহ করে পিনাট বাটার সহ কোনো ধরনের বাদাম বা বাদামজাত পণ্য CDC-তে আনবেন না। আপনার সন্তানের কোনো অ্যালার্জি এবং/অথবা খাদ্যাভ্যাস সংক্রান্ত বিশেষ চাহিদা থাকলে অনুগ্রহ করে স্টাফদের জানান।**

পরীক্ষামূলক সেশন (শুধু স্ব-অর্থায়িত প্রোগ্রামগুলির জন্য)
যেসব শিশু নিজ খরচে পরিষেবা গ্রহণ করে তাদের জন্য স্থান নিশ্চিত হওয়ার আগে পরীক্ষামূলক সেশনের ব্যবস্থা করা হতে পারে। পরীক্ষা চলাকালীন, স্টাফরা ভবিষ্যতের উপযুক্ত স্থান নির্ধারণের বিষয়ে আলোচনা করতে এবং পরামর্শ দিতে পারেন।

টিকা
প্রতিটি শিশুর কোভিড-19, যক্ষ্মা, হেপাটাইটিস B এবং টিটেনাস সহ সকল টিকা হালনাগাদ রাখা দৃঢ়ভাবে সুপারিশ করা হচ্ছে।

দর্শনার্থী এবং ভাইবোন
প্রোগ্রামগুলো যাতে ব্যাহত না হয় তা নিশ্চিত করার জন্য দর্শনার্থীদের সময়সূচী সতর্কতার সাথে পর্যবেক্ষণ করা হয়। পূর্ব ব্যবস্থা সাপেক্ষে দর্শনার্থীদের CDC-তে স্বাগত জানানো হয়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে প্রধান কার্যালয়ে ইমেইল info@cdchk.org অথবা প্রধান ফোন নম্বর 2849-6138-এর মাধ্যমে যোগাযোগ করুন।

কেয়ারগিভার
অনুগ্রহ করে সেশনের আগে ও পরে অপেক্ষারত স্থানে সর্বদা আপনার সন্তানের খেয়াল রাখুন। **অনুগ্রহ করে তীব্র গন্ধযুক্ত কোনো খাবার (যেমন: ডুরিয়ান) এবং পিনাট বাটারসহ যেকোনো ধরনের বাদাম বা বাদামজাত পণ্য CDC-তে আনবেন না।**

স্বেচ্ছাসেবক
আপনি যদি CDC-এর প্রোগ্রাম বা তহবিল সংগ্রহের উদ্যোগে সাহায্য করতে পারেন বলে মনে করেন তবে অনুগ্রহ করে আমাদের স্টাফদের জানান।

ভর্তুকিপ্রাপ্ত পরিষেবা থেকে প্রত্যাহার
SWD-এর মাধ্যমে ভর্তুকিপ্রাপ্ত পরিষেবার জন্য মনোনীত শিশুদের 31শে আগস্ট বা তার আগে ছয় বছর বয়স পূর্ণ হলে অথবা প্রথম শ্রেণিতে ভর্তি হলে প্রোগ্রাম থেকে নিজেদের নাম প্রত্যাহার করতে হবে।

ফি প্রদান – শর্তাবলী

সকল গ্রুপ প্রোগ্রামের ফি বার্ষিক ভিত্তিতে গণনা করা হয় এবং স্কুল বা সরকারি ছুটির দিন নির্বিশেষে শিক্ষাবর্ষ জুড়ে (11.5 মাস, যার মধ্যে 0.5 মাসের ফি আগস্ট মাসে প্রদেয়) প্রতি মাসে পরিশোধযোগ্য। অসুস্থতার কারণে বা সরকারি ছুটির দিনে কোনো গ্রুপ প্রোগ্রাম বাদ পড়লে আমরা তার জন্য বিকল্প সেশনের ব্যবস্থা করতে পারব না। সরকারি ঘোষণার কারণে CDC বন্ধ হয়ে গেলে গ্রুপ প্রোগ্রামের টিউশন ফি ফেরতযোগ্য নয়।

CDC-কে প্রদেয় সমস্ত ফি প্রোগ্রামগুলোর পরিচালন ব্যয় নির্বাহে ব্যবহৃত হয়। আমাদের প্রোগ্রামগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় খরচের প্রায় এক-তৃতীয়াংশ টিউশন ফি থেকে আসে। অবশিষ্ট খরচ সরকারি তহবিল, অনুদান এবং তহবিল সংগ্রহ অনুষ্ঠানের মাধ্যমে মেটানো হয়।

আবেদন ফি
স্ব-অর্থায়িত প্রোগ্রামের সকল আবেদনের ক্ষেত্রে একটি অফেরতযোগ্য ও অহস্তান্তরযোগ্য আবেদন ফি প্রযোজ্য। এই আবেদন ফি শুধু প্রশাসনিক খরচ কভার করে এবং প্রোগ্রামে ভর্তির নিশ্চয়তা দেয় না।

পরীক্ষামূলক সেশন (4টি সেশন)
প্রোগ্রামটি শুরু করার আগে ট্রায়াল সেশনগুলোর সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে। ফি ফেরতযোগ্য বা হস্তান্তরযোগ্য নয়। ট্রায়ালগুলো সাধারণত 4 সপ্তাহব্যাপী সেশন নিয়ে গঠিত হয়। ট্রায়াল চলাকালীন প্রতিকূল আবহাওয়ার কারণে কোনো সেশন বাতিল হলে একটি বিকল্প সেশনের ব্যবস্থা করা হবে। অসুস্থতার কারণে আপনার সন্তান কোনো ক্লাসে উপস্থিত হতে না পারলে ডাক্তারের ছাড়পত্র পাওয়ার পর একটি বিকল্প সেশনের ব্যবস্থা করা হবে (সর্বোচ্চ 1টি সেশন)। অন্যান্য ছুটির আবেদনের জন্য ক্ষতিপূরণমূলক সেশন মঞ্জুর করা হবে না।

ফেরতযোগ্য আমানত
স্ব-অর্থায়িত প্রোগ্রামগুলোর ক্ষেত্রে স্থায়ী নিয়োগ নিশ্চিত হওয়ার পর ফেরতযোগ্য আমানত অগ্রিম গ্রহণ করা হবে। আনুষ্ঠানিক উত্তোলনের পর ফেরতযোগ্য আমানত ফেরত দেওয়া হবে (নিচে দেখুন)। সমস্ত বকেয়া পরিশোধ করা এবং ধার করা জিনিসপত্র ফেরত দেওয়ার পর শেষ সেশনের 30 দিনের মধ্যে আপনার প্রত্যাহার ফর্ম/নোটিশে দেওয়া ফরওয়ার্ডিং ঠিকানায় একটি চেকের মাধ্যমে টাকা ফেরত পাঠানো হবে। ইস্যুর তারিখ থেকে ছয় মাসের মধ্যে রিফান্ড চেকটি ভাঙানো না হলে কোনো প্রতিস্থাপন চেক ইস্যু করা হবে না এবং রিফান্ড বাজেয়াপ্ত করা হবে। যদি আপনি কোনো প্রোগ্রাম বা থেরাপি থেকে সরে দাঁড়ান কিন্তু অন্যান্য পরিষেবাগুলো চালিয়ে যান তাহলে ফেরতযোগ্য আমানতটি ভবিষ্যতের পেমেন্টের জন্য সংরক্ষিত তহবিল হিসেবে আপনার অ্যাকাউন্টে জমা করা হবে।

গ্রুপ প্রোগ্রাম শুরু বা শেষ করার জন্য টিউশন ফি বিল (শুধু স্ব-অর্থায়িত কেন্দ্রের জন্য)
যদি কোনো শিশু মাসের মাঝামাঝি সময়ে কোনো দলীয় কার্যক্রমে যোগদান করে বা তা বন্ধ করে তবে চলতি মাসের টিউশন ফি আনুপাতিক হারে বিল করা হবে। এর মধ্যে আগস্ট মাসের বিলিংও অন্তর্ভুক্ত, কারণ আগস্টের শুরুতে আমাদের গ্রীষ্মকালীন ছুটি থাকবে।

টিউশন এবং ফি
সকল টিউশন ফি অটো পে-এর মাধ্যমে বকেয়া পরিশোধ করা হবে। স্থায়ী পুনর্বাসনের অধীনে থাকা সকল প্রোগ্রামের জন্য এটি বাধ্যতামূলক, তবে SWD থেকে ভর্তুকিপ্রাপ্ত কোনো প্রোগ্রাম এবং 100% আর্থিক সহায়তার আওতাভুক্ত পরিবারগুলোর ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়। সাধারণত, আমাদের ব্যাংক কর্তৃক অটো পে সেটআপের ব্যবস্থা ও নিশ্চিতকরণ না হওয়া পর্যন্ত কোনো স্থায়ী চাকরির প্রস্তাব দেওয়া হবে না।

a) CDC আপনার জন্য অটো পে ফর্মের ব্যবস্থা করবে, যা আপনি **সরাসরি আপনার ব্যাংকে** ফেরত পাঠাবেন। ফর্মটি পূরণ করার পর মূল ফর্মটি আপনার ব্যাংকে জমা দেওয়ার আগে সম্ভব হলে এর একটি কপি আমাদের কাছে পাঠিয়ে দিন।

b) প্লেসমেন্ট অফার চলাকালীন ডেবিট লিমিটের বিস্তারিত তথ্য জানিয়ে দেওয়া হবে। আপনার সন্তান আরও প্রোগ্রামে ভর্তি হবে কিনা সে বিষয়ে আপনি অনিশ্চিত থাকলে অনুগ্রহ করে অটো পে-এর সীমা বাড়িয়ে দিন অথবা কাজটি সহজ করার জন্য এটিকে "NO limit" হিসেবে সেট করুন। প্রোগ্রামের পরিবর্তনের খরচ মেটানোর জন্য ডেবিট লিমিট অপর্যাপ্ত হলে অভিভাবকদের ডেবিট লিমিট বাড়ানোর জন্য সরাসরি তাদের ব্যাংকের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

c) আমাদের ব্যাংক পূর্ববর্তী মাসে CDC কর্তৃক প্রদত্ত সকল পরিষেবার জন্য প্রতি মাসে টিউশন ফি কেটে নেবে। আমাদের ব্যাংক মাসে মাত্র একবার অ্যাকাউন্ট থেকে টাকা কেটে নেবে। ফি পরিশোধের পর একটি রসিদ প্রদান করা হবে। রসিদ এবং/অথবা অতিরিক্ত রসিদ(গুলি) সম্পর্কে একটি বিশেষ বিবরণের জন্য অনুরোধের ভিত্তিতে অতিরিক্ত প্রশাসনিক খরচ নেওয়া হবে।

d) ডেবিট অ্যাকাউন্টে অপর্যাপ্ত তহবিল থাকলে অথবা অটো-পে-এর মেয়াদ শেষ হয়ে গেলে আমাদের ব্যাংকের যেকোনো সারচার্জ আপনার উপর ধার্য করা হবে এবং এর সাথে অতিরিক্ত HK$200 প্রশাসনিক সারচার্জ যুক্ত হবে। প্রতিটি ফেরত আসা চেকের জন্য HK$200 প্রশাসনিক চার্জও প্রযোজ্য হবে।

দলীয় প্রোগ্রামে অনুপস্থিতি

প্রতিটি অনুপস্থিতির জন্য বিল করা হবে। দলীয় প্রোগ্রামের ক্ষেত্রে আপনার সন্তান অনুপস্থিত থাকলে অথবা সরকারি ঘোষণা, প্রতিকূল আবহাওয়া বা পেশাগত প্রশিক্ষণের কারণে CDC বন্ধ থাকলে কোনো মেক-আপ সেশনের ব্যবস্থা নেই।

ব্যক্তিগত সেশনে অনুপস্থিতি

- কোনো শিশু সেশনে দেরিতে পৌঁছালে অতিরিক্ত সময় যোগ করা হবে না।
- অন্যান্য ছুটি: সেশন বাতিল করতে হলে আগে থেকে 3 দিনের লিখিত নোটিশ দিতে হবে। সেশন ফি-এর 30% বিল করা হবে। যদি একটি মেক-আপ সেশন সফলভাবে আয়োজন ও সম্পন্ন করা হয় তবে শুধু অবশিষ্ট 70% বিল করা হবে।
- ছুটির আবেদনের তারিখ থেকে 2 মাসের মধ্যে মেক-আপ সেশনগুলো সম্পন্ন করতে হবে। থেরাপিস্ট এবং অভিভাবক উভয়েই একটি বিকল্প সেশনের জন্য সময় ঠিক করার চেষ্টা করবেন কিন্তু এটি নিশ্চিত নয়।
- অসুস্থর ছুটি: (a) অনুগ্রহ করে সেশনের সময়ের 3 ঘন্টা আগে অথবা সেশনটি খুব সকালে শুরু হলে সেই দিনের সকাল 9 টার আগে CDC-কে জানান এবং 3 দিনের মধ্যে আমাদের কাছে ডাক্তারের সিলমোহরযুক্ত একটি নোট জমা দিন যাতে সেই সেশনের জন্য কোনো ফি প্রদান করতে না হয়। ডাক্তারের কোনো ছাড়পত্র জমা না দেওয়া হলে সেশনটি (উপরে উল্লিখিত) অন্যান্য ছুটির মতোই গণ্য হবে।
- অসুস্থর ছুটি (b): সেশনে আসার সময় বা সেশন চলাকালীন শিশু অসুস্থ থাকলে থেরাপিস্ট/শিক্ষক সেশনটি বাতিল করার এবং শিশুটিকে বাড়ি পাঠিয়ে দেওয়ার অধিকার সংরক্ষণ করেন (দুজন স্টাফ সদস্য একটি অসুস্থতা সম্মতিপত্রে স্বাক্ষর করবে)। যদি 3 দিনের মধ্যে ডাক্তারের ছাড়পত্র জমা দেওয়া হয় তাহলে সেশনের বিল করা হবে না। ডাক্তারের কোনো ছাড়পত্র জমা না দেওয়া হলে সেশনটি (উপরে উল্লিখিত) অন্যান্য ছুটির মতোই গণ্য হবে।
- অসুস্থতাজনিত ছুটি এবং অন্যান্য ছুটির বিষয়ে দেরিতে জানালে বা অনুপস্থিত থাকলে সম্পূর্ণ বিল করা হবে।
- থেরাপিস্ট উপস্থিত না থাকলে এবং সেশনটি বাতিল করলে সেই সেশনের জন্য কোনো বিল করা হবে না। যদি কোনো মেক-আপ সেশন করা হয় তবে সেই সেশনের বিল যথারীতি করা হবে। আপনার সন্তানের সাথে ইতিমধ্যে কর্মরত কোনো টিম সদস্য বা কর্মীর মাধ্যমে সেশনটি নেওয়ার একটি বিকল্প রয়েছে; CDC-তে পরিষেবা শুরু করার সময় এই ব্যবস্থার জন্য সম্মতি নেওয়া হবে এবং 'New Admission Checklist'-এ তা উল্লেখ করা থাকবে।
- আমাদের ABA প্রোগ্রামের সেশন বাতিলের জন্য একটি পৃথক নীতিমালা রয়েছে। অনুগ্রহ করে ABA চুক্তি এবং ABA শর্তাবলী দেখুন।

প্রত্যাহার

কোনো প্রোগ্রাম থেকে আপনার সন্তানকে প্রত্যাহার করতে হলে এক মাসের নোটিশসহ লিখিত অনুরোধপত্র প্রয়োজন অথবা নোটিশের পরিবর্তে অর্থ প্রদান করতে হবে। লিখিত অনুরোধপত্র না পাওয়া গেলে শিশু প্রোগ্রামে অংশগ্রহণ বন্ধ করে দিলেও নিয়মিত টিউশন ফি নেওয়া অব্যাহত থাকবে। CDC-এর ওয়েবসাইটে প্রত্যাহার ফর্ম পাওয়া যায়। টাকা তোলার শর্ত পূরণ করতে ব্যর্থ হলে ফেরতযোগ্য আমানত বাজেয়াপ্ত করা হবে।

ABA প্রোগ্রাম

ABA প্রোগ্রামটি নিজস্ব অর্থায়নে পরিচালিত এবং এর নিজস্ব নীতিমালা রয়েছে। এই প্রোগ্রামটি বিভিন্ন অর্থপ্রদানের শর্তাবলী ও নিয়মের অধীন। নিবন্ধনের সময় অভিভাবকদের ABA-এর নিয়ম ও শর্তাবলী প্রদান করা হবে। ABA প্রোগ্রাম সম্পর্কে আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে অফিস থেকে বিস্তারিত জেনে নিন।

অর্থপ্রদানের পদ্ধতি

ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে
ব্যাংকের নাম: HSBC
ব্যাংক অ্যাকাউন্টের নাম: The Child Development Centre
ব্যাংক অ্যাকাউন্ট নম্বর: 502-428634-001
**অনুগ্রহ করে আমাদের কাছে শিশুর নাম, ইনভয়েস নম্বর, প্রোগ্রামের নাম ইত্যাদিসহ পেমেন্ট রসিদ/ রেমিটেন্সের বিস্তারিত পাঠিয়ে দিন।*

ফাস্ট পেমেন্ট সিস্টেম (FPS)-এর মাধ্যমে
প্রক্সি ID: 165422429
** অনুগ্রহ করে আমাদের কাছে শিশুর নাম, ইনভয়েস নম্বর, প্রোগ্রামের নাম ইত্যাদিসহ পেমেন্ট রসিদ/ রেমিটেন্সের বিস্তারিত পাঠিয়ে দিন।*

PayMe-এর মাধ্যমে
সরাসরি আমাদের ব্যাংক অ্যাকাউন্টে অর্থ পরিশোধ করতে আপনার মোবাইল ফোন দিয়ে কিউআর কোডটি স্ক্যান করুন অথবা এখানে ক্লিক করুন।
**PayMe পেমেন্টে ফেরতযোগ্য ডিপোজিট ফি অন্তর্ভুক্ত থাকলে HKD$200 চার্জ প্রযোজ্য হবে।*
** অনুগ্রহ করে শিশুর নাম, ইনভয়েস নম্বর, প্রোগ্রামের নাম ইত্যাদিসহ রেমিটেন্সের বিস্তারিত আমাদের কাছে পাঠিয়ে দিন।*

ক্রেডিট কার্ডের মাধ্যমে
Visa / Master / Union Pay / JCB কার্ডের মাধ্যমে (আমরা American Express কার্ড গ্রহণ করি না)
**শুধু CDC-ভিক্টোরিয়া সেন্টারে সরাসরি অর্থপ্রদান করা হলেই তা প্রযোজ্য হয়।*
**ক্রেডিট কার্ড পেমেন্টের মধ্যে ফেরতযোগ্য ডিপোজিট ফি অন্তর্ভুক্ত থাকলে HKD$200 চার্জ প্রযোজ্য হবে।*

ক্রসড চেকের মাধ্যমে
অনুগ্রহ করে “The Child Development Centre”-এর নামে একটি ক্রসড চেক পাঠান এবং চেকের পিছনে শিশুর নাম ও ইনভয়েস নম্বর লিখে দিন। চেক সরাসরি জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে পাঠানো যাবে এই ঠিকানায়: The Child Development Centre, Unit 7, 4/F, Victoria Centre, 15 Watson Road, Fortress Hill, Hong Kong.

কমিউনিটি এবং অভিভাবক সংস্থান

যোগাযোগ
CDC অভিভাবকদের জন্য নিয়মিত নিউজলেটার প্রকাশ করে। CDC-এর তথ্য আমাদের ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়া থেকেও পাওয়া যাবে। যেমন Facebook, Instagram, CDC Connects, ইত্যাদি।

অভিভাবক কর্মশালা
শিশুর বিকাশ ত্বরান্বিত করার জন্য বাড়িতে ব্যবহারযোগ্য বাস্তবসম্মত কৌশলসমূহের সাথে অভিভাবক ও কেয়ারগিভারদের পরিচয় করিয়ে দিতে CDC সারা বছর ধরে ধারাবাহিক বিনামূল্যের কর্মশালার আয়োজন করে। সকল অভিভাবকদের আমাদের অভিভাবক কর্মশালাগুলোতে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। আপনার আগ্রহের কোনো বিশেষ বিষয় থাকলে অনুগ্রহ করে আমাদের জানান।

অভিভাবকত্ব বিষয়ক প্রোগ্রাম
CDC নিয়মিতভাবে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের পরিবারগুলোর জন্য অভিভাবকত্ব বিষয়ক প্রোগ্রাম এবং অন্যান্য সংশ্লিষ্ট কোর্স পরিচালনা করবে। কোর্স সংক্রান্ত নোটিফিকেশন ইমেইলের মাধ্যমে পাঠানো হবে। আলাদা ফি প্রযোজ্য হতে পারে।

অভিভাবক সহায়তা পরিষেবা
CDC একটি পারিবারিক সহায়তা পরিষেবা প্রদান করে যার মাধ্যমে আমাদের প্রোগ্রামে অন্তর্ভুক্ত শিশুদের অভিভাবকরা কোনো স্টাফের সাথে সাক্ষাৎ করে সন্তান পালন, মানিয়ে চলার কৌশল, পারিবারিক সমস্যা ইত্যাদি বিষয়ে তাদের যেকোনো উদ্বেগ নিয়ে আলোচনা করার সুযোগ পান। অফিস প্রশাসকের সাথে যোগাযোগ করে আগে থেকেই সাক্ষাতের ব্যবস্থা করা যেতে পারে। আলাদা ফি প্রযোজ্য হতে পারে।

মনস্তাত্ত্বিক-শিক্ষাগত মূল্যায়ন
শিশুর সবলতা ও দুর্বলতার একটি পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরতে CDC হালনাগাদ মানসম্মত সরঞ্জাম এবং ক্লিনিক্যাল পর্যবেক্ষণ ব্যবহার করে। অফিস প্রশাসকের সাথে যোগাযোগ করে মূল্যায়নের ব্যবস্থা করা যেতে পারে।

Social Welfare Department (SWD) আবেদনপত্র
আপনি যদি আপনার সন্তানকে SWD-এর মাধ্যমে পরিষেবা পাওয়ার জন্য অপেক্ষমাণ তালিকায় নথিভুক্ত করতে চান তাহলে অনুগ্রহ করে CDC-এর সমাজকর্মীর সাথে যোগাযোগ করুন।

লাইব্রেরি (বই/খেলনা)
CDC-এর North Point Centre-এ একটি রিসোর্স লাইব্রেরি রয়েছে যা স্টাফ এবং অভিভাবকরা বিনামূল্যে ব্যবহার করতে পারেন। বিস্তারিত জানতে যেকোনো স্টাফের সাথে যোগাযোগ করুন।

প্রতিবন্ধী ভাতা
বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অভিভাবকরা তাদের সন্তানের জন্য SWD থেকে সমন্বিত সামাজিক নিরাপত্তা/প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন করতে পারবেন; তবে শর্ত হলো তাদের এক বছরের বেশি সময় ধরে হংকং-এর বাসিন্দা হতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে SWD বা আপনার সমাজকর্মীর সাথে যোগাযোগ করুন। SWD হটলাইন 2343 2255, ওয়েবসাইট: www.swd.gov.hk > সরকারি পরিষেবা > সামাজিক নিরাপত্তা > সামাজিক নিরাপত্তা ভাতা প্রকল্প অথবা নিচের লিঙ্কটি:
http://www.swd.gov.hk/en/index/site_pubsvc/page_socsecu/sub_ssallowance/

ইতিহাস ও দর্শন

পেশাগত থেরাপিস্ট Mrs. Sarah Roe-এর তত্ত্বাবধানে 1976 সালে CDC অনানুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। তিনি তাঁর অ্যাপার্টমেন্টে শিখন-বৈষম্য সম্পন্ন ইংরেজিভাষী শিশুদের জন্য একটি দল শুরু করেন যা 1978 সালে আনুষ্ঠানিকভাবে নিবন্ধিত হয়েছিল। The Hong Kong and Shanghai Banking Corporation, Tomy Hong Kong Limited এবং Matilda Bazaar and Sedan Chair Race Charities Fund-এর উদার সমর্থন এবং Matilda Hospital-এর দৃঢ় প্রতিশ্রুতির সমন্বয়ে 1981 সালে Mrs. Anne Marden হাসপাতাল প্রাঙ্গণে একটি বিশেষভাবে নির্মিত স্থাপনা উদ্বোধন করেন।

মূল CDC-এর নাম ছিল “Centre for Handicapped Children” এবং শিশুর ভিন্নতার উপর মনোযোগ না দিয়ে তার সক্ষমতার উপর জোর দেওয়ার দর্শনকে আরও ভালোভাবে তুলে ধরার জন্য এর নাম পরিবর্তন করে “The Matilda Child Development Centre” রাখা হয়। 2005 সালে অর্থায়নের ক্ষেত্রে Matilda International Hospital থেকে আমাদের স্বাধীনতা দাতাদের কাছে আরও ভালোভাবে স্পষ্ট করার জন্য CDC-এর নাম পুনরায় পরিবর্তন করে ম্যাটিল্ডা-তে “The Child Development Centre” রাখা হয়।

2010 সালে Wan Chai-এর Tang Shiu Kin (TSK) Hospital-এ একটি অতিরিক্ত কেন্দ্র স্থাপনের মাধ্যমে CDC তার কার্যক্রম সম্প্রসারিত করে। এর ফলে আমাদের ক্যান্টনিজ-ভাষী সহায়তা প্রোগ্রামগুলো চালু করার সুযোগ তৈরি হয় যার মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অপেক্ষমাণ তালিকায় থাকা অতিরিক্ত 30 জন শিশুর কাছে পৌঁছানো সম্ভব হয়েছে। 2014 সালের সেপ্টেম্বরে CDC তার Peak Centre এবং TSK Centre উভয়ের পরিষেবাগুলোকে Wan Chai-এর Prime Mansion-এ অবস্থিত একটি নতুন স্থানে একীভূত করে। এরপর আমরা কেবল “The Child Development Centre” বা “CDC” নামে পরিচিত হয়ে উঠি। CDC এই পর্যায়ে SWD রেফারেল সিস্টেমের মাধ্যমে আরও 30 জন ক্যান্টনিজ-ভাষী শিশুকে পরিষেবা দিতে সক্ষম হয়, ফলে SWD-এর মাধ্যমে পরিষেবা গ্রহণকারী পরিবারের মোট সংখ্যা 100-তে দাঁড়িয়েছে।

2022 সালের অক্টোবরে, CDC নর্থ পয়েন্টে SWD কর্তৃক প্রদত্ত একটি দ্বিতীয় কেন্দ্র চালু করে। এই কেন্দ্রটি একটি প্রারম্ভিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রের (EETC) ভর্তুকিপ্রাপ্ত পরিষেবা প্রদানের জন্য ব্যবহৃত হয়, যা পূর্বে CDC-এর নিজস্ব অর্থায়নে পরিচালিত পরিষেবাগুলোর সাথে একই প্রাঙ্গণে অবস্থিত ছিল। এর ফলে Wan Chai Centre সম্পূর্ণরূপে পরিষেবা ফি এবং তহবিল সংগ্রহের উপর নির্ভরশীল একটি স্ব-অর্থায়িত কেন্দ্রে পরিণত হয়।

2023 সালের অক্টোবর মাসে Hong Kong Jockey Club Charities Trust-এর স্থানান্তর ব্যয়ের উদার সহায়তায় Wan Chai-এর কেন্দ্রটি Fortress Hill-এ স্থানান্তরিত করা হয়।

CDC প্রারম্ভিক শৈশবের শিক্ষায় প্রমাণ-ভিত্তিক অনুশীলন অনুসরণ করতে সচেষ্ট থাকে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রয়োজন মেটানো হয় সুসংগঠিত ও সমন্বিত শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে, যা খেলার মাধ্যমে শেখার সর্বোচ্চ সুযোগ তৈরিতে নিবেদিত একটি পরিবেশে সফলভাবে বাস্তবায়িত হয়। স্টাস সদস্যগণ অত্যন্ত যোগ্যতাসম্পন্ন, বিশেষায়িত ও অভিজ্ঞ। তারা শিশুদের বিকাশ সহজতর করার জন্য একটি আন্তঃবিষয়ক পদ্ধতি অবলম্বন করেন, যেখানে শিশুদের সকল ব্যক্তিগত চাহিদা এবং তাদের শেখার ক্ষেত্রে অভিভাবিকের গুরুত্ব বিবেচনা করা হয়।

CDC তার সকলপ্রোগ্রামে প্রাপ্তবয়স্ক ও শিশুদের এক-তিন অনুপাত বজায় রাখার চেষ্টা করে।

পরিবার ও কমিউনিটির জন্য একটি সংস্থান

CDC সমাজের জন্য একটি সহায়ক সংস্থা, যার লক্ষ্য হলো শিশু ও অল্পবয়সী বাচ্চাদের শিক্ষা ও পরিচর্যার সাথে জড়িত পরিবার এবং অন্যান্যদের জন্য পরামর্শ, তথ্য ও সহায়তার উৎস হওয়া। যেহেতু CDC প্রারম্ভিক শৈশবের শিক্ষার উপর মনোযোগ দেয়, তাই বিশেষ চাহিদা সম্পন্ন এবং প্রাক-বিদ্যালয় বয়সী শিশুদের ক্ষেত্রে এর বিশেষজ্ঞতাই সমাজে এর প্রধান অবদান।

প্রাক-বিদ্যালয়গুলো তাদের কার্যক্রমে নির্দিষ্ট শিশুদের অন্তর্ভুক্ত করার বিষয়ে পরামর্শ ও সুপারিশের উৎস হিসেবে CDC-কে ব্যবহার করে।

CDC-এর কর্মীরা প্রাক-বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষায়িত বিষয়ে সেমিনার এবং বৃহত্তর কমিউনিটির সহকর্মীদের জন্য কোর্স পরিচালনা করেন। তারা CDC-তে মূল্যায়িত শিশুদের খোঁজখবর নিতে প্রাক-বিদ্যালয়গুলোও পরিদর্শন করেন। কর্মচারীদের প্রায়ই বিভিন্ন সম্মেলন ও কোর্সে এবং প্রাক-বিদ্যালয় পর্যায়ের কর্মকালীন প্রশিক্ষণ দিবসগুলিতে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হয়।
মাঝে মাঝে, CDC আন্তর্জাতিক কমিউনিটির মাধ্যমিক বিদ্যালয়গুলোর স্বেচ্ছাসেবকদের জন্য সমাজসেবা ও কর্ম অভিজ্ঞতার একটি কেন্দ্র হিসেবে কাজ করে এবং হংকংয়ের আন্তর্জাতিক ও স্থানীয় উভয় ধরনের স্কুল ও বিশ্ববিদ্যালয়ের সাথে এর দৃঢ় সংযোগ বজায় রাখে।

অর্থায়ন

1995 সালের অক্টোবর পর্যন্ত CDC সম্পূর্ণরূপে নিজস্ব অর্থায়নে পরিচালিত হতো। এই সময়ে, SWD হংকং-এর সমাজসেবা ব্যবস্থায় CDC-এর অবদানকে স্বীকৃতি দেয় এবং এর পরিচালন ব্যয় নির্বাহে সহায়তার জন্য কিছু ভর্তুকি প্রদান করে। The Lump Sum Grant (SWD কর্তৃক বরাদ্দকৃত তহবিল) CDC-তে পরিষেবা প্রদানে সম্পূর্ণরূপে ব্যবহৃত হয় এবং 2022 সাল পর্যন্ত কোনো তহবিল সংরক্ষিত রাখা হয় না। Fortress Hill-এর স্ব-অর্থায়নে পরিচালিত কেন্দ্রটিতে ধার্যকৃত ফি পরিচালন ব্যয়ের প্রায় এক-তৃতীয়াংশ পূরণ করে এবং CDC-এর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত নির্বাচিত স্বেচ্ছাসেবকদের একটি পরিষদ, কার্যনির্বাহী কমিটি কর্তৃক তা বার্ষিকভাবে পর্যালোচনা করা হয়। অন্যান্য প্রাক-বিদ্যালয় ও পরিষেবাগুলোর তুলনায় ফি বেশ সুবিধাজনকভাবে নির্ধারণ করা হয়েছে।

CDC-এর অর্থায়নের জন্য প্রয়োজনীয় অবশিষ্ট অর্থ আসে সরকারি তহবিল, ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অনুদান এবং কার্যনির্বাহী কমিটি, অভিভাবক ও কর্মীদের দ্বারা পরিকল্পিত ও পরিচালিত তহবিল সংগ্রহকারী অনুষ্ঠান থেকে। CDC হলো Hong Kong Council of Social Service-এর একটি সদস্য।

আমাদের শিশুদের শেখার যাত্রাপথে আপনার সহযোগিতা প্রয়োজন। আপনার কোম্পানির যদি কোনো ম্যাচিং ডোনেশন বা কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি (CSR) প্রোগ্রাম থাকে তবে অনুগ্রহ করে আমাদের সুপারিশ করার কথা বিবেচনা করুন। অথবা, শিশুদের শিক্ষার জন্য সুবিধাভোগী খুঁজছে এমন কোনো অনুষ্ঠানের কথা আপনার জানা থাকলে আপনি যদি CDC-কে মনোনীত করার কথা বিবেচনা করেন তবে আমরা কৃতজ্ঞ থাকব।

CDC প্রতি বছর বহিরাগত নিরীক্ষকদের দ্বারা নিরীক্ষিত হয় এবং SWD-এর নির্দেশ অনুযায়ী একটি বার্ষিক আর্থিক প্রতিবেদন (AFR) দাখিল করতে হয়। কার্যনির্বাহী কমিটি কর্তৃক গৃহীত হওয়ার পর এটি CDC ওয়েবসাইটে সকল অংশীজনের জন্য বিদ্যমান হয়।

CDC পরিষেবার গুণগত মানদণ্ড

বিশেষ শিক্ষাগত চাহিদা সম্পন্ন শিশুদের প্রয়োজন মেটানোর জন্য CDC-এর কিছু গুণগত মানদণ্ড এবং সর্বোত্তম অনুশীলন নির্দেশিকা রয়েছে। আমাদেরকে CDC কর্তৃক প্রণীত এবং সমাজকল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত এই মানদণ্ডগুলো মেনে চলতে হবে। CDC-এর কার্যক্রম পরিচালনাকারী এই নীতিমালা ও কার্যপ্রণালীগুলো অভিভাবকদের অবগতির জন্য আমাদের অফিসে সংরক্ষিত আছে। মাসিক পরিষেবা পরিসংখ্যানও আমাদের অফিসে তথ্যের জন্য বিদ্যমান আছে। পরিষেবা ব্যবহারকারীদের নীতিমালা, কার্যপ্রণালী এবং পরিসংখ্যান বিষয়ে CDC-কে যেকোনো মন্তব্য বা মতামত জানানোর জন্য আহ্বান জানানো হচ্ছে।

মানদণ্ড 1 – পরিষেবার বিবরণ ও তথ্য।
CDC-এর কর্তৃক প্রদত্ত সকল পরিষেবার প্রোগ্রামের বিবরণ ও তথ্য জনসাধারণের জন্য বিদ্যমান।

মানদণ্ড 2 – নীতিমালা ও কার্যপ্রণালী সংক্রান্ত নথিপত্রের নিয়মিত পর্যালোচনা।
CDC নিয়মিতভাবে তার নথিভুক্ত নীতিমালা ও কার্যপ্রণালী পর্যালোচনা করে।

মানদণ্ড 3 – কার্যকলাপের রেকর্ড।
CDC সকল কার্যক্রম ও পরিষেবার সঠিক রেকর্ড রাখে।

মানদণ্ড 4 – কর্মকর্তা, ব্যবস্থাপনা কমিটি ও সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থাগুলোর ভূমিকা ও দায়িত্ব।
CDC তার কর্মী, ব্যবস্থাপনা এবং পরিচালনা পর্ষদের ভূমিকা ও দায়িত্ব সুস্পষ্টভাবে নির্ধারণ করে।

মানদণ্ড 5 – মানব সম্পদ।
কার্যকরী কর্মী নিয়োগ, পদায়ন, উন্নয়ন, প্রশিক্ষণ মূল্যায়ন এবং শাস্তিমূলক ব্যবস্থা বাস্তবায়নের জন্য **CDC-**এর নীতিমালা ও কার্যপ্রণালী রয়েছে।

মানদণ্ড 6 – কর্মক্ষমতার পরিকল্পনা, পর্যালোচনা ও মূল্যায়ন।
কৌশলগত ও দিকনির্দেশনামূলক পরিকল্পনাগুলো প্রতি বছর পর্যালোচনা করা হয় এবং প্রতি তিন বছর অন্তর হালনাগাদ করা হয়।

মানদণ্ড 7 – আর্থিক ব্যবস্থাপনা।
CDC কার্যকর আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য নীতিমালা ও কার্যপ্রণালী বাস্তবায়ন করে।

মানদণ্ড 8 – আইনগত বাধ্যবাধকতা।
আইনগত বাধ্যবাধকতা প্রতিপালন নিশ্চিত করার জন্য নীতিমালা ও কার্যপ্রণালী বিদ্যমান রয়েছে।

মানদণ্ড 9 – নিরাপদ ভৌত পরিবেশ।
স্বাস্থ্য ও নিরাপত্তা, অগুন ও টাইফুন সংক্রান্ত নীতিমালা ও কার্যপ্রণালী প্রণীত এবং বাস্তবায়িত হয়। এগুলোর মধ্যে রয়েছে স্টাফদের ভূমিকা, সরঞ্জামের রক্ষণাবেক্ষণ এবং ঘটনা ও দুর্ঘটনার রেকর্ড।

মানদণ্ড 10 – CDC-তে ক্লায়েন্টদের প্রবেশ ও প্রস্থান।
সেবা গ্রহীতাদের সেবায় প্রবেশ ও প্রস্থান সংক্রান্ত তথ্য প্রদানের জন্য নীতিমালা ও কার্যপ্রণালী প্রণয়ন এবং বাস্তবায়ন করা হয়।

মানদণ্ড 11 – ক্লায়েন্টদের চাহিদা মূল্যায়ন করা।
ক্লায়েন্টদের চাহিদা মূল্যায়ন ও পূরণের জন্য নীতিমালা ও কার্যপ্রণালী বাস্তবায়ন করা হয়।

মানদণ্ড 12 – জেনে-বুঝে সিদ্ধান্ত নেওয়ার অধিকার।
পরিষেবা ব্যবহারকারীদের অবগত পছন্দ করতে সক্ষম করার জন্য নীতি এবং পদ্ধতি প্রণয়ন করা হয়।

মানদণ্ড 13 – ব্যক্তিগত সম্পত্তি সংক্রান্ত বিষয়ে পরিষেবা ব্যবহারকারীর অধিকার।
CDC-তে ব্যক্তিগত সম্পত্তির তত্ত্বাবধান সংক্রান্ত নীতিমালা ও কার্যপ্রণালী বজায় রাখা হয়।

মানদণ্ড 14 – সেবা গ্রহীতার গোপনীয়তা ও ব্যক্তিগত তথ্যের সুরক্ষা পাওয়ার অধিকার।
গোপনীয়তা ও ব্যক্তিগত তথ্যের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নীতিমালা ও কার্যপ্রণালী প্রণয়ন এবং বাস্তবায়ন করা হয়।

মানদণ্ড 15 – অভিযোগ জানানোর পদ্ধতি।
সেবা গ্রহীতা, কর্মী এবং অন্যান্যদের বিষয়ে নীতিমালা ও কার্যপ্রণালী লিখিত ও বাস্তবায়িত হয়, যার মধ্যে দায়িত্ব, নথিভুক্তকরণ, প্রতিবেদন দাখিল এবং প্রতিশোধমূলক ব্যবস্থা থেকে অব্যাহতি অন্তর্ভুক্ত রয়েছে।

মানদণ্ড 16 – অপব্যবহার থেকে মুক্তি।
অপব্যবহারের প্রকৃতি, ঘটনা সনাক্তকরণের পদ্ধতি এবং লিপিবদ্ধকরণ ও নথিবদ্ধকরণের বিষয়ে কর্মীদের প্রশিক্ষণসহ নীতিমালা ও কার্যপ্রণালী প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়।